

138046 - ঈদের নামায অথবা বৃষ্টি প্রার্থনার নামাযের এক রাকাত ছুটে গেলে তা কিভাবে আদায় করবে

প্রশ্ন

প্রশ্ন:

কারো যদি বৃষ্টি প্রার্থনার নামায অথবা ঈদের নামাযের কিছু অংশ ছুটে যায় যেমন -কেউ ২য় রাকাতে এসে शामिल হলো অথবা কারো রুকু-সেজদা ছুটে গেল সেক্ষেত্রে তার জন্য কী করা ওয়াজিব?

প্রিয় উত্তর

সমস্ত প্রশংসা আল্লাহর জন্য।

আলেমদেরবল্ মতামতেরমধ্যেসবচেয়ে সঠিক হল, ইমাম কিছু নামায পড়ে ফেলার পর যেকোনো বিলম্বে জামাতেযোগ দিয়েছেনতিনি ইমামেরসাথেযে কয় রাকাত নামায পড়বেন সেটা তারনামাযের প্রথম অংশ;আরযাতিনিএকাকীআদায়করবেনসেটাতারসালাতেরশেষঅংশ।এটিইমামশাফেয়ি রাহিমাল্লাহএরঅভিমত। এবংইমামআহমাদরাহিমাল্লাহহতেও এমন একটি উক্তি বর্ণিত রয়েছে।দেখুন নববীএর“আল-মাজমূ’”(৪/৪২০)

এই মতের পক্ষে দলীল হল নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বাণী: “আপনারা ইক্বামত শুনলে সালাত আদায়ের জন্য রওয়ানা দিন এবং তাড়াছড়ো না করে ধীর-স্থিরতা অবলম্বন করুন।আপনি গিয়ে সালাতের যতটুকু পান তা আদায় করুন এবং যা ছুটে গেছে তা সম্পূর্ণ করুন।”[সহীহ বুখারী (৬৩৬) ও সহীহ মুসলিম (৬০২)]

“সম্পূর্ণ করুন”কথাটির অর্থ হল-পূর্ণ করুন যেমনটি ব্যাখ্যা করা হয়েছে‘ফাতহুল বারী’নামক গ্রন্থে (২/১১৮)।এর অর্থ দাঁড়ায় যে ব্যক্তিইমামের সাথে দেরীতে যোগ দিয়েছেতিনি ইমামের সাথে যতটুকু নামায পেলেনসেটা তার সালাতের ১ম অংশ হিসেবে গণ্য হবে। আরও দেখুন (49037) নং প্রশ্নের উত্তর।

এক্ষেত্রে ফরজ সালাত অথবা ঈদের সালাত অথবা বৃষ্টি প্রার্থনার সালাতঅথবা অন্য কোনসালাতের মধ্যে কোন পার্থক্য নেই। তাই মুক্তাদি যদি ইমামের সাথে ঈদের সালাতের শেষ এক রাকাত পেয়ে থাকে,তবে তা হবে তার জন্য ১ম রাকাত।ইমাম সালাম ফিরানোর পর সে ২য় রাকাত আদায় করবে এবং দ্বিতীয় রাকাতের শুরুতে পাঁচবার তাকবীর দিবে। কারণ এটি তার জন্য ২য় রাকাত।

আর যদি বৃষ্টি প্রার্থনার সালাতের শেষ এক রাকাত পেয়ে থাকে, তবে একইভাবে আরেক রাকাত আদায় করে নিবে এবং সে রাকাতের প্রথমে পাঁচবার তাকবীর উচ্চারণ করবে। কারণ এটি তার ক্ষেত্রে ২য় রাকাত।

আরযদিসে২য়রাকাতেরসেজদাঅথবাশেষতাশাহুদেএসেযোগ দেয়তবেইমামসালামফিরানোরপরদাঁড়িয়েগিয়েদুইরাকাতআদায়করবে।

প্রথমরাকাতের তাকবীরে তাহরীমাবলার পরসাত অথবা ছয়বার তাকবীর উচ্চারণ করবে এবং ২য় রাকাতের জন্য দাঁড়ানোর তাকবীর ছাড়া আরো পাঁচবার তাকবীর উচ্চারণ করবে। আল্লাহই সবচেয়ে ভাল জানেন।